# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কর্মপরিকল্পনা

## প্রেক্ষাপট

দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করা এবং তা বজায় রাখার উদ্দেশ্যে ষড়যন্ত্রমূলক যোগসাজস (Collusion), মনোপলি (Monopoly) ও ওলিগপলি (Oligopoly) অবস্থা, জোটবদ্ধতা অথবা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার সংক্রান্ত প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ, নিয়ন্ত্রণ বা নির্মূলের লক্ষ্যে ২০১২ সালে প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) প্রণয়ন করা হয়। উক্ত আইনের ৫ নং ধারা মোতাবেক সরকার ২০১২ সালে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন প্রতিষ্ঠা করে। উক্ত কমিশন ২০১৬ সাল হতে এর কার্যক্রম আরম্ভ করে। কমিশন ১ জন চেয়ারপার্সন এবং অনধিক ৪ জন সদস্য সমন্বয়ে গঠিত হবে বলে আইনে বিধান রাখা হয়েছে।

(খ) কমিশনের দায়িত্ব, ক্ষমতা ও কার্যাবলি হবে, (১) বাজারে প্রতিযোগিতার ক্ষেত্রে বিরূপ প্রভাব বিস্তারকারী অনুশীলনসমূহকে নির্মূল করা, প্রতিযোগিতাকে উৎসাহিত করা ও বজায় রাখা এবং ব্যবসা-বাণিজ্যের স্বাধীনতাকে নিশ্চিত করা (২) কোন অভিযোগের ভিত্তিতে বা স্বপ্রণোদিতভাবে ব্যবসা প্রতিষ্ঠানসমূহের প্রতিযোগিতা বিরোধী সকল চুক্তি, কর্তৃত্বময় অবস্থান এবং অনুশীলনের তদন্ত করা (৩) প্রতিযোগিতা আইন, ২০১২ অনুযায়ী অপরাধের তদন্ত পরিচালনা এবং এর ভিত্তিতে মামলা দায়ের ও পরিচালনা করা (৪) জোটবদ্ধতা এবং জোটবদ্ধতা সংশ্লিষ্ট বিষয়াদি, জোটবদ্ধতার জন্য তদন্ত সম্পাদনসহ জোটবদ্ধতার শর্তাদি এবং জোটবদ্ধতা অনুমোদন বা নামঞ্জুর সংক্রান্ত বিষয়াদি নির্ধারণ করা (৫) প্রতিযোগিতা সংক্রান্ত বিধিমালা, নীতিমালা, দিক নির্দেশনামূলক পরিপত্র বা প্রশাসনিক নির্দেশনা প্রণয়ন এবং তা বাস্তবায়নে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান করা (৬) প্রতিযোগিতামূলক কর্মকাণ্ডের উন্নয়ন এবং প্রতিযোগিতা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য উপযুক্ত মানদণ্ড নির্ধারণ করা (৭) সমাজের বিভিন্ন শ্রেণির লোকজনের মধ্যে প্রতিযোগিতা সম্পর্কিত সার্বিক বিষয়ে প্রচার এবং প্রকাশনার মাধ্যমে ও অন্যান্য উপায়ে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণ করা (৮) প্রতিযোগিতা বিরোধী কোন চুক্তি বা কর্মকাণ্ড বিষয়ে গবেষণা, সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ এবং অনুরূপ অন্যবিধ ব্যবস্থার মাধ্যমে গণসচেতনতা বৃদ্ধি করা এবং গবেষণালব্ধ ফলাফল প্রকাশ ও প্রচার করা এবং এগুলোর কার্যকর বাস্তবায়নের জন্য সরকারের নিকট সুপারিশ করা।

## চ্যালেঞ্জ

এ ক্ষেত্রে প্রধান চ্যালেঞ্জসমূহ;

- বিদ্যমান প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (অনুসন্ধান, তদন্ত, পুনর্বিবেচনা ও আপিল) প্রবিধানমালা, ২০২২ ও বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (তহবিল) ব্যবস্থাপনা প্রবিধানমালা, ২০২২ এর সুষ্ঠু প্রয়োগ;
- সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানমূহের সঙ্গে কার্যকর অংশীদারিত্ব প্রতিষ্ঠা;
- প্রতিযোগিতা কমিশন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের পারস্পরিক সহযোগিতা জোরদার করা;
- প্রতিযোগিতা আইনের আওতায় রুজুকৃত মামলা যৌক্তিক সময়ে নিষ্পত্তিকরণ;
- প্রতিযোগিতা কমিশনের সার্বিক কর্মপ্রক্রিয়ায় অধিকতর দক্ষতা ও কার্যকারিতা আনয়ন;
- প্রতিযোগিতা আইন, ২০১২ সম্পর্কে ধারনা উজ্জ্বলতর করা।

## লক্ষ্য ও সুনির্দিষ্ট সুপারিশ

### লক্ষ্য

প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টির লক্ষ্যে বাজার সংশ্লিষ্ট সকলকে সচেতনকরণ, সম্পৃক্তকরণ ও আইনের যথাযথ প্রয়োগের মাধ্যমে একটি সুষ্ঠু ব্যবসায়িক পরিবেশ গড়ে তোলা।

### স্বল্প মেয়াদি সুপারিশ

- প্রতিযোগিতা কমিশনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধি;
- উন্নততর প্রযুক্তির মাধ্যমে প্রতিযোগিতা কমিশনের কারিগরি সক্ষমতা বৃদ্ধি এবং প্রতিযোগিতা আইন বাস্তবায়নে উৎকর্ষ সাধন।

### মধ্য ও দীর্ঘমেয়াদি সুপারিশ

- বিদ্যমান আইন/বিধিমালা/প্রবিধানমালা/নীতিমালার সংস্কার সাধন;
- প্রতিযোগিতা কমিশনের বিদ্যমান সাংগঠনিক কাঠামো পুনর্গঠন;
- ব্যবসা-বাণিজ্যে উন্নততর প্রতিযোগিতার সংস্কৃতি চর্চা নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সচেতনতা বৃদ্ধি।

## কর্মপরিকল্পনা

| ক্রমিক | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | সময় | দায়িত্ব | সহায়তাকারী |
|---|---|---|---|---|---|
| ১। | বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (শিক্ষানবিশ কর্মচারীগণের প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ও চাকরি স্থায়ীকরণ) বিধিমালা, ২০২২ প্রণয়ন | খসড়া বিধিমালা উপস্থাপিত | মধ্যমেয়াদে | বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | বাণিজ্য মন্ত্রণালয় |
| ২। | বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন জোটবদ্ধতা (Combination) প্রবিধানমালা, ২০২৩ প্রণয়ন | খসড়া প্রবিধানমালা উপস্থাপিত | মধ্যমেয়াদে | বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | বাণিজ্য মন্ত্রণালয় |
| ৩। | বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিদ্যমান সাংগঠনিক কাঠামো পুনর্গঠন | বাণিজ্য মন্ত্রণালয়ের বিবেচনার জন্য খসড়া সাংগঠনিক কাঠামো উপস্থাপিত | মধ্যমেয়াদে | বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, জনপ্রশাসন মন্ত্রণালয় | বাণিজ্য মন্ত্রণালয় |
| ৪। | "Strengthening of the Bangladesh Competition Commission" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প অনুমোদন | কারিগরি সহায়তা প্রকল্প অনুমোদিত | মধ্যমেয়াদে | বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, পরিকল্পনা কমিশন | বাণিজ্য মন্ত্রণালয় |